



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

১১ মে ২০১৮ খ্রি.

ফিরিঙ্গীবাজারে ফ্রি চিকিৎসা ক্যাম্পের উদ্বোধনে মেয়র

ফিরিঙ্গীবাজার কো-অপারেটিভ সোসাইটির উদ্যোগে আজ শুক্রবার সকালে সিটি কর্পোরেশন পরিচালিত ডা. জাকির হোসেন হোমিওপ্যাথিক কলেজ ও হাসপাতাল মাঠে গরীব দুঃস্থদের জন্য এক বিনামূল্যে চিকিৎসা ক্যাম্পের আয়োজন করা হয়। চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন করেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। চিকিৎসা ক্যাম্পে প্রায় ৪০০ গরীব দুঃস্থকে চিকিৎসাসেবা প্রদান করা হয়। চিকিৎসা সেবার মধ্যে ছিল খতনা করানো, নাক-কর্ণ ছেদন, রক্তের গ্রুপ নির্ণয়, চোখ ও ব্লাড সুগারের মাত্রা নির্ণয়।

অনুষ্ঠানে সম্মানিত কাউন্সিলর ও প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসানী, সম্মানিত সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর লুৎফুল্লাহা দোভাষ বেবী, অধ্যক্ষ নুরুল আমিন, সমাজসেবক ফারুক আহমেদ ও ছাত্রনেতা ইয়াছির আরাফাত প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় মেয়র সমাজের বিত্তবানদের এ ধরনের সমাজসেবা মূলক কর্মকাণ্ডে এগিয়ে আসার আহবান জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা